

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০২

তারিখ : ২৫ ফেব্রুয়ারি, ২০১৮

১৩ ফাল্গুন, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ মঞ্জুরীপত্র বাংলায় প্রণয়ন প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩নং অনুচ্ছেদের বিধান পূর্ণাঙ্গভাবে কার্যকর করার উদ্দেশ্যে প্রণীত বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭ এর ৩(১)নং ধারায় বাংলাদেশের সর্বত্র তথা সরকারি অফিস, আদালত, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক বিদেশের সাথে যোগাযোগ ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে নথি ও চিঠিপত্র, আইন আদালতের সওয়াল জবাব এবং অন্যান্য আইনানুগ কার্যাবলী আবশ্যিকভাবে বাংলায় লেখার নির্দেশনা রয়েছে।

০২। লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ ব্যাংক তাদের চিঠিপত্র, ফরম এর পাশাপাশি ঋণ মঞ্জুরীপত্রও ইংরেজী ভাষায় প্রণয়ন করছে। ঋণ মঞ্জুরীপত্র গ্রাহকের সাথে সম্পাদিত ব্যাংকের একটি চুক্তিপত্র। চুক্তিপত্রের সকল শর্ত পরিপালনে গ্রাহক আইনত অঙ্গীকারাবদ্ধ বিধায় গ্রাহকের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে ঋণ মঞ্জুরীপত্রের শর্তসমূহ বোধগম্য হওয়া বাঞ্ছনীয়। ঋণ মঞ্জুরীপত্র বাংলা ভাষায় প্রণয়ন করা হলে সার্বজনীনভাবে গ্রাহকের জন্য সুবিধাজনক হবে এবং ব্যাংকিং কার্যক্রমেও স্বচ্ছতা বজায় থাকবে।

০৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের আলোকে প্রণীত বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭ এর উদ্দেশ্য পূরণকল্পে এবং গ্রাহকের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে ঋণ মঞ্জুরীপত্র আবশ্যিকভাবে বাংলায় প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করা হলো। তবে ঋণ মঞ্জুরীপত্র বাংলার পাশাপাশি ইংরেজী ভাষায়ও প্রণয়ন করা যেতে পারে।

০৪। উল্লিখিত নির্দেশনা ০১ জুলাই, ২০১৮ তারিখ থেকে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২